

খণ্ড খণ্ড আমি

দুরন্ত দুপুরে দারুণ অশান্ত ছিলাম,
নদী দেখলেই ঝাপিয়ে সাঁতার কাটার দুর্বীর ইচ্ছা হতো
মস্থিত জলে অমৃত খুঁজে বেড়াতাম প্রতিটি ডুবে,
সে এক সময় গেছে
যখন জীবনটাকে অখণ্ড দুপুর ভাবতাম ।

এখন এই পড়ন্ত বিকালে
নদী দেখলেই ঝাপিয়ে পড়ার সাহস হয়না,
ধীরে সুস্থে বিচার বিবেচনা করে
কদাচিত্ দু'একটা সতর্ক ডুব দেই,
অমৃত খোঁজার স্পৃহা নাই, শরীর জুড়ানোটাই মুখ্য ।

অখণ্ড দুপুর মনে হয়না জীবনটা এখন, মনে হয়
জোড়া দেয়া খণ্ড খণ্ড আমি'র সমষ্টি মাত্র ।

ঢাকা : ১৩.০১.২০০৭ মুহম্মদ আবদুস সালাম